

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৫০৯৭

আগরতলা, ৬ ফেব্রুয়ারি, ২০২৬

জিবিপি হাসপাতালে ৯ ফেব্রুয়ারি থেকে
২৪ ঘণ্টা মিলবে এমআরআই পরিষেবা



রাজ্যের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের বিশেষ উদ্যোগে এবং মুখ্যমন্ত্রী প্রফেসর (ডাঃ) মানিক সাহার আন্তরিক প্রচেষ্টায় এজিএমসি অ্যান্ড জিবিপি হাসপাতালে উন্নত স্বাস্থ্য পরিষেবা নিশ্চিত করতে গত ৪ ফেব্রুয়ারি রোগী কল্যাণ সমিতির সভায় এক গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এখন থেকে এই হাসপাতালে ২৪ ঘণ্টা এমআরআই স্ক্যানিং পরিষেবা চালু হচ্ছে।

জিবিপি হাসপাতালের মেডিক্যাল সুপারিনিটেন্ডেন্ট স্বাক্ষরিত এক আদেশে জানানো হয়েছে যে, আগামী ৯ ফেব্রুয়ারি থেকে ছুটির দিনসহ সপ্তাহের সাত দিনই ২৪ ঘণ্টা এই পরিষেবা সচল থাকবে।

উল্লেখ্য, এতদিন জিবিপি হাসপাতালে এমআরআই পরিষেবা রাত ১০টা পর্যন্ত সীমাবদ্ধ ছিল। রোগীকে দীর্ঘ সময়ের অপেক্ষা দূর করার লক্ষ্যে নতুন এই ব্যবস্থা চালু হওয়ার ফলে দূর-দূরান্ত থেকে আসা রোগীদের জন্য পরীক্ষা-নিরীক্ষা করানো অনেক সহজ ও দ্রুত হবে বলে আশা করা হচ্ছে।

অন্যদিকে, হাসপাতালে রোগীর অত্যধিক ভিড় এবং বর্তমান মেশিনটির ওপর চাপ কর্মাতে মুখ্যমন্ত্রী একটি বিশেষ নির্দেশ দিয়েছেন। রোগীদের সুবিধার্থে হাসপাতালের সুপার স্পেশালিটি বিভিন্নে আরও একটি নতুন এমআরআই মেশিন বসানোর কাজ দ্রুত শুরু করার নির্দেশ দেওয়া হয়েছে। স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের অধিকর্তা এক প্রেস রিলিজে এই তথ্য জানিয়েছেন।
